

শিক্ষানীতি বাস্তবায়ন ও মানোন্নয়নে ৯টি অঞ্চলে শিক্ষা সমাবেশ করবে মাউশি

নিজস্ব হার্ডি পরিবেশক

প্রথমবারের মতো আঞ্চলিক শিক্ষা সমাবেশ করার উদ্যোগ নিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। জাতীয় শিক্ষানীতি ২০১০ বাস্তবায়ন, মাধ্যমিক শিক্ষার মানোন্নয়ন, মাঠপর্যায়ে শিক্ষা প্রশাসন গতিশীল করতে এ পদক্ষেপ নেয়া হয়েছে। মাউশির ৯টি অঞ্চলে এ সমাবেশ অনুষ্ঠিত হবে।

আঞ্চলিক সমাবেশের মাধ্যমে হাইস্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, ছাত্রছাত্রী ও অভিভাবক, পরিচালনা পরিষদের সদস্যের চিন্তাজীবনা ও তাদের বিভিন্ন সীমাবদ্ধতা বা সমস্যা সমাধানে দিকনির্দেশনা প্রদান ও যত্নমত গ্রহণ করা হবে। পাশাপাশি শিক্ষার মানোন্নয়নে স্থানীয় সুশীল সমাজের মতামতও নেয়া হবে। প্রত্যেকটি সমাবেশে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং সভাপতিত্ব করবেন মাউশির মহাপরিচালক অধ্যাপক নোমান উর রশীদ। শিক্ষা সমাবেশ সম্পর্কে মাউশির মহাপরিচালক প্রফেসর নোমান উর রশীদ গতকাল সংবাদকে বলেছেন, 'জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়ন ও শিক্ষার মান উন্নয়ন-সংক্রান্ত আঞ্চলিক শিক্ষা সমাবেশ' আয়োজনের বিষয়ে সর্বাঙ্গিক প্রস্তুতি গ্রহণ করতে

শিক্ষানীতি : পৃষ্ঠা : ২ ক : ২.

শিক্ষানীতি : বাস্তবায়ন

(১৬ পৃষ্ঠার পর)

আগামী শনিবার সকাল ১১টায় ৯টি আঞ্চলিক কার্যালয়ের উপপরিচালকের সঙ্গে মাউশিতে এক জরুরি সভা আহ্বান করা হয়েছে।

তিনি জানান, সমাবেশের মাধ্যমে মাঠপর্যায়ে শিক্ষা প্রশাসনের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে শিক্ষানীতি বাস্তবায়নের বিষয়ে ধারণা ও দিকনির্দেশনা প্রদান করা হবে।

জানা গেছে, আগামী ২৩ মে থেকে ১৮ আগস্ট নাগাদ ৯টি শিক্ষা সমাবেশের সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে মাউশি।

সে অনুযায়ী ২৬ মে রংপুর অঞ্চলে, ২৭ মে রাজশাহী, ১৬ জুন খুলনা, ১৭ জুন বরিশাল, ১৪ জুলাই ঢাকা, ১৫ জুলাই ময়মনসিংহ, ১১ আগস্ট চট্টগ্রাম, ১২ আগস্ট কুমিল্লা অঞ্চলে এবং ১৮ আগস্ট সিলেট অঞ্চলে শিক্ষা সমাবেশ অনুষ্ঠিত হবে। এসব সমাবেশে সংশ্লিষ্ট

অঞ্চলের সরকারি ও বেসরকারি প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠানের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা অংশগ্রহণ করবে। প্রফেসর নোমান উর রশীদ জানান, সমাবেশের মাধ্যমে শিক্ষার গুণগতমান উন্নয়ন, মাঠপর্যায়ে শিক্ষার বিভিন্ন সমস্যা বিশেষ করে ইভটিজিং, ধর্মীয় উদ্ভাঙ্গনা, ছাত্রছাত্রী ও অভিভাবকদের বিভিন্ন অভিযোগ সম্পর্কে জানা হবে। তবে কোন শিক্ষক বা কর্মকর্তার বিরুদ্ধে গুরুতর কোন অভিযোগ সমাবেশে উপস্থাপিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে তাত্ক্ষণিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন শিক্ষামন্ত্রী।

মাউশি জানায়, শিক্ষা সমাবেশে মাউশির সব আঞ্চলিক কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষা অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদফতরের কর্মকর্তা, ছেলে প্রশাসনের প্রতিনিধিদের অবশ্যই উপস্থিত থাকবে।